রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ২৯, ১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ই কার্তিক ১৪০৪ বাং/২৮শে অক্টোবর ১৯৯৭ ইং

এস, আর, ও, নং ২৪৯-আইন/৯৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, এতদ-সম্পর্কিত প্রচলিত সকল বিধিমালা বাতিল করতঃ নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরনাম**।—এই বিধিমালা বাংলাদেশ সিভিল সার্ভিস (মৎস্য) (শিক্ষানবিসগণের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা) বিধিমালা, ১৯৯৭ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল ;

(গ) "প্রশিক্ষণ প্রতিষ্ঠান" অর্থ Bangladesh Public Administration Training Centre Ordinance, 1984 (Ord. XXVI of 1984) এর section 3 এর অধীন প্রতিষ্ঠিত Bangladesh Public Administration Training centre অথবা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন প্রতিষ্ঠান ;

(ঘ) "বিভাগীয় পরীক্ষা" অর্থ বিধি ৪ এর অধীন অনুষ্ঠিত বিভাগীয় পরীক্ষা ;

(ঙ) "শিক্ষানবিস" অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (মৎস্য) ক্যাডারের প্রারম্ভিক কোন পদে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তি ;



মূল্য : টাকা ২.০০

(চ) "শিক্ষানবিসীকাল" অর্থ Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর rule 6(1) এ উল্লিখিত মেয়াদ এবং উক্ত rule অনুসারে বর্ধিত বা বর্ধিত বলিয়া গণ্য মেয়াদও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। প্রশিক্ষণ।—(১) Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর rule 7(1) এর প্রয়োজন অনুযায়ী প্রত্যেক শিক্ষানবিসকে তাহার শিক্ষানবিসীকালে কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদী প্রশিক্ষণ (Foundation Training) দানের জন্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রশিক্ষণের ব্যবস্থা করা হইলে সংশ্লিষ্ট শিক্ষানবিস উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করিয়া উহা সফলতার সহিত সমাপ্ত করিবেন।

(৩) সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রশিক্ষণের পাঠক্রম, পরীক্ষা পদ্ধতি ও অন্যান্য প্রাসংগিক বিষয় নির্ধারণ করিতে পারিবে, তবে সরকার প্রয়োজনবোধে উক্ত প্রতিষ্ঠানকে তৎসম্পর্কে প্রাসংগিক নির্দেশ দিতে পারিবে।

(৪) প্রত্যেক প্রশিক্ষণার্থী সফলতার সহিত তাঁহার প্রশিক্ষণ সমাপ্ত করিয়াছেন কিনা তৎসম্পর্কে সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠান, প্রশিক্ষণ সমাপ্তির পর, সরকারের নিকট প্রতিবেদন পেশ করিবে এবং এইরূপ প্রতিবেদন সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর বার্ষিক গোপনীয় প্রতিবেদনের নথিতে রক্ষিত থাকিবে।

(৫) কোন প্রশিক্ষণার্থী সফলতার সহিত প্রশিক্ষণ সমাপ্ত করিতে না পারিলে উহা সমাপ্ত করিবার জন্য সরকার তাঁহাকে পুনরায় সুযোগ দিতে পারিবে।

৪। বিভাগীয় পরীক্ষা।—(১) শিক্ষানবিসীকাল অতিক্রান্ত হইবার পূর্বেই প্রত্যেক শিক্ষানবিসকে তফসিলে বিধৃত পাঠক্রম এবং এই বিধিমালার অন্যান্য বিধান অনুসারে অনুষ্ঠিত বিভাগীয় পরীক্ষায় পাস করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত পরীক্ষা কমিশন কর্তৃক গৃহীত ও পরিচালিত হইবে।

৫। বিভাগীয় পরীক্ষার সময়সূচী ইত্যাদি।—(১) প্রতি বৎসর দুইবার, সম্ভব হইলে জুন ও ডিসেম্বর মাসে, বিভাগীয় পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

(২) কমিশন বিভাগীয় পরীক্ষার সম্ভাব্য সময়সূচী ও আনুষংগিক তথ্যাদি সরকারকে অবহিত করিবে এবং সরকার কমিশনের চাহিদা মোতাবেক তৎসম্পর্কে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।

৬। বিভাগীয় পরীক্ষায় পাসের নম্বর।—(১) তফসিলে উল্লিখিত প্রতিটি পত্রের বিভাগীয় পরীক্ষায় কোন শিক্ষানবিস কমপক্ষে শতকরা ৬০ ভাগ নম্বর পাইলে তাঁহাকে কৃতকার্য বলিয়া ঘোষণা করা হইবে।

(২) কমিশন প্রত্যেক শিক্ষানবিসের বিভাগীয় পরীক্ষার ফলাফল গেজেটে প্রকাশ করিবে।

৭। একাধিকবার বিভাগীয় পরীক্ষার সুযোগ।—কোন শিক্ষানবিস বিভাগীয় পরীক্ষায় তফসিলে উল্লিখিত সকল বা কোন নির্দিষ্ট পত্রে একবারে কৃতকার্য হইতে না পারিলে তিনি যে পত্রে বা পত্রসমূহে অকৃতকার্য হন, তাঁহার শিক্ষানবিসীকালে সেই পত্রের বা পত্রসমূহের পরীক্ষা দেওয়ার জন্য তাঁহাকে এক বা একাধিকবার সুযোগ দেওয়া হইবে।

৮। প্রশ্নপত্র।—(১) তফসিলে উল্লিখিত প্রথম ও তৃতীয় পত্রের প্রশ্নপত্র সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মনোনীত কর্মকর্তা কর্তৃক প্রণীত হইবে।

(২) তফসিলে উল্লিখিত দ্বিতীয় পত্রের প্রশ্নপত্র মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক অথবা তৎকর্তৃক মনোনীত উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের নিম্নে নহেন এইরূপ কোন কর্মকর্তা কর্তৃক প্রণীত হইবে।

৯। তফসিলের সংশোধন।—সরকার, প্রয়োজনবোধে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকারী গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন দ্বারা তফসিল সংশোধন করিতে পারিবে।

## তফসিল

### বি সি এস (মৎস্য) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের বিভাগীয় পরীক্ষার পাঠক্রম

#### প্রথম পত্র

আইন, বিধি ও পদ্ধতি (পুস্তক ব্যতীত)

সময় ৩ ঘন্টা

পূর্ণমান—১০০ (পাস নম্বর—৬০)

পাঠ্য বিষয়সমূহ ঃ

(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান।

(২) Government Servants (Conduct) Rules. 1979.

(৩) Government Servants (Discipline and Appeal) Rules, 1985.

(৪) Public Employees Discipline (Punctual Attendance) Ordinance, 1982 (Ord. XXXIV of 1982).

(৫) Government Servants (Special Provisions) Ordinance, 1979 (Ord. XI of 1979).

(৬) Rules of Business, 1996 (হাল নাগাদ সংশোধনীসহ এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কার্যবন্টন)।

(৭) Bangladesh Civil Service Recruitment Rules, 1981.

(৮) Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979.

(৯) Official Secrets Act, 1923 (XIV of 1923).

(১০) সচিবালয় নির্দেশমালা, ১৯৭৬ (হাল নাগাদ সংশোধনীসহ)।

দ্বিতীয় পত্র

হিসাব (পুস্তকসহ)

সময় ৩ ঘন্টা

পূর্ণ নম্বর : ১০০ (পাস নম্বর-৬০)

পাঠ্য বিষয়সমূহ :

(১) Bangladesh Financial Rules.

(২) Fundamental and Supplementary Rules.

(৩) General Provident Fund Rules, 1979.

(৪) Government and Autonomous Bodies Employees Benevolent Fund and Group Insurance Ordinance, 1982 (Ord. XXXIX of 1982) এবং Government and Autonomous Bodies Employees Benevolent Fund and Group Insurance Rules, 1982.

(৫) Public Servants (Retirement) Act, 1974 (XII of 1974) এবং Public Servants (Retirement) Rules, 1975.

(৬) Civil Accounts Code.

(৭) Bangladesh Audit Manual.

(৮) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর প্রধানকে অর্থ মন্ত্রণালয় কর্তৃক আর্থিক ক্ষমতা প্রদান।

(৯) Prescribed Leave Rules, 1959.

(১০) Bangladesh Service Rules, Part I & II.

(১১) Bangladesh Treasury Rules, Vol. I & II.

(১২) বাজেট প্রস্তুতিকরণ সংক্রান্ত নিয়মাবলী।

### তৃতীয় পত্র

### মৎস্য সম্পর্কীয় বিষয়াদি (পুস্তক ব্যতীত)

**সময় ৩ ঘন্টা**

**পূর্ণমান—১০০ (পাস নম্বর—৬০)**

**পাঠ্য বিষয়সমূহ :**

১। (ক) **মাছ চাষ :**

— পুকুরের স্থান নির্ধারণ ও পুকুর তৈরী।
— মাটি ও পানির গুণাগুণ পরীক্ষা ও সংরক্ষণ।
— আঁতুড়/রেনু/মজুদ পুকুর ব্যবস্থাপনা।
— পোনা/মাছ পরিবহন ও মজুদ।
— রোগ নির্ণয় ও প্রতিকার।

(খ) **চিংড়ি চাষ :**

—গলদা/বাগদা চিংড়ির প্রজনন প্রক্রিয়া।
—মজুদ পুকুর ব্যবস্থাপনা ও চিংড়ি প্রতিপালন।
— বাগদা/গলদা চিংড়ির পোনা পরিবহন/মজুদকরণ/বাজারজাতকরণ।
— রোগ নির্ণয় ও প্রতিকার।

(গ) **মাছ/চিংড়ি ব্যবস্থাপনা :**

— স্থান নির্বাচন ও হ্যাচারী স্থাপন।
—প্রজননক্ষম মাছ/চিংড়ি নির্বাচন ও প্রতিপালন।
—কৃত্রিম প্রজনন পদ্ধতি।
— পোনা/মাছ পরিচর্যা।

২। **মৎস্য ব্যবস্থাপনা :**

— পানি সম্পদ পরিবেশ।
— জলজ সম্পদের জীবতত্ত্ব (বয়স, স্ত্রী/পুরুষ চিহ্নিতকরণ, পরিকপক্কতা, ডিম ধারণ ক্ষমতা)।
— স্বাদু, উপকূলীয় ও সামুদ্রিক জলজ পরিবেশ তত্ত্ব।
— মজুদ নির্ধারণ।
— মৎস্য সংখ্যা ও তত্ত্ব।
— মুক্ত জলাশয়ে মৎস্য ব্যবস্থাপনা।
— সমুদ্র সম্পদ ব্যবস্থাপনা।
— মৎস্য আহরণ পদ্ধতি।
— সুন্দর/ম্যানগ্রোভ ব্যবস্থাপনা।

৩। মৎস্য পরিসংখ্যান ঃ

— পরিসংখ্যান পদ্ধতি।
— নমুনা গ্রহণ পদ্ধতি।
— মৎস্য সম্পদ জরিপ পদ্ধতি।

৪। মৎস্য প্রক্রিয়াজাত ও মান নিয়ন্ত্রণ ঃ

— মৎস্য পচন এবং সংরক্ষণ পদ্ধতি।
— হ্যান্ডলিং, পরিবহন এবং বিতরণ।
— মৎস্য প্রক্রিয়াকরণের সনাতন ও আধুনিক পদ্ধতি।
— মৎস্যজাত ও উপজাত পণ্য উৎপাদন প্রক্রিয়া।
— মৎস্যমান নিয়ন্ত্রণ পদ্ধতিসমূহ।
— মৎস্য প্রক্রিয়াকরণ কারখানায় সেনিটেশান ও হাইজিন পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ।

৫। মৎস্য আইন ঃ

— Tanks Improvement Act, 1939 (Bengal Act XV of 1939).
— Protection and Conservation of Fish Act, 1950 (E.B. Act XVIII of 1950).
— Marine Fisheries Ordinance, 1983 (Ord. XXXV of 1983).
— Fish and Fish Products (Inspection and Quality Control).
— Ordinance, 1983 (Ord. XX of 1983).
— চিংড়ি চাষ অভিকর আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৫৩নং আইন)।

৬। মৎস্য সম্প্রসারণ ঃ

— মৎস্য সম্প্রসারণ পরিকল্পনা।
— সম্প্রসারণ পদ্ধতি।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
আইয়ুব কাদরী
সচিব।

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ সিকান্দার আলী মণ্ডল, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।